গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কুমিল্লা।
পত্র নিবন্ধন নং.....
প্রাপ্তির তারিখ:.....
কার্যবন্টন: উঃ পঃ/ সঃ পঃ (সিসি)/সুপার/ হিঃ রঃ/ টেলো-১/ টেলো-২/
অঃ সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ/ প্রজেকশনিষ্ট।

ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ভবন
৬, কাওরান বাজার, ঢাকা।
www.dgfp.gov.bd

স্মারক নং ৫৯.১১.০০০০.৫০০.১৫.৪৬৯.২৩-৩৮ তারিখঃ ১৭/০১/২০২৩ খ্রি.

অফিস আদেশ

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে নবনির্মিত/পূনঃনির্মিত ১) উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর কাম অফিস ২) ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) এবং ৩) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) এর ভবন/স্থাপনা হস্তান্তর/গ্রহণ বিষয়ক কমিটি গঠন।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে নবনির্মিত/পূনঃনির্মিত ১) উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর কাম অফিস এবং ২) ১০ শয্যা বিশিষ্ট ইউনিয়ন মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) এর হস্তান্তর/গ্রহণের জন্য পরিবার পরকিল্পনা অধিদপ্তরের ২৬ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি. তারিখের পপঅ/পরি/গক-৩/ষ্টোর নির্মাণ-৫২/২০০৪/ অংশ-২)/১২৪/৪১৮/১(৬৪) নং পত্রের কার্যক্রম বলবৎ রেখে গঠিত কমিটিকে নিম্নোক্ত কার্যপরিধির আওতায় ইউনিয়ন পর্যায়ে ৩) নবনির্মিত/পূনঃনির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) এর হস্তান্তর/গ্রহণ কার্যাদি সম্পন্নের জন্য এতদ্বারা অনুরোধ করা হ'ল।

কমিটির গঠন/রূপরেখা নিম্নরূপঃ

১)	উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সংশ্লিষ্ট জেলা।	সভাপতি
২)	মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সংশ্লিষ্ট উপজেলা।	সদস্য
৩)	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

ক) কমিটি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে নবনির্মিত/পূনঃনির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) এর ভবন/স্থাপনাটি নির্ধারিত ড্রয়িং, ডিজাইন, সিডিউল ও চুক্তিপত্র, স্পেসিফিকেশন এবং ইউজার ইউটিলিটি অনুযায়ী যথাযথভাবে নির্মিত হয়েছে কি'না তা যাচাই করে হস্তান্তর/গ্রহণ করবে এবং প্রাপ্ত যন্ত্রপাতি, আসবাবপত্র, বৈদ্যুতিক সরঞ্জাম প্রভৃতি ষ্টক রেজিষ্টারে লিপিবদ্ধকরণ নিশ্চিত করবে।

খ) কমিটি হস্তান্তর/গ্রহণ শেষে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয় বরাবর প্রতিবেদন প্রেরণ করবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

(মোহা: সফিকুর রহমান)
পরিচালক (পরিকল্পনা) ও
লাইন ডাইরেক্টর (PME)
ফোন: ৫৫০১২৩৫৫
E-mail: dirplandfp@gmail.com

উপপরিচালক
পরিবার পরিকল্পনা (সকল জেলা)

"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
কুচাইতলী, কুমিল্লা।
www.fpo.comilla.gov.bd

নং- ৫৯.১১.১৯০০.০৩৪.১৬.০১৬.২৩-৬৯ (৬৭)

তারিখ: ০৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। পরিচালক (পরিকল্পনা) ও লাইন ডাইরেক্টর (PME), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা- ১২১৫।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), ... উপজেলা, কুমিল্লা। আপনাকে উপর্যুক্ত স্মারকপত্রে গঠিত কমিটির আলোকে নবনির্মিত/পুনঃ নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) এর হস্তান্তর/গ্রহণ কার্যাদি সম্পন্নের জন্য অনুরোধ করা হলো।
৪। অফিস কপি ।

এ. টি. এম নজমূল হুদা
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
পরিবার পরিকল্পনা, কুমিল্লা।